## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৩৫/২০১৫**

**অভিযোগকারী ঃ জনাব পান্নালাল বাশফোর**
পিতা-গনেশ চন্দ্র বাশফোর
ফেয়ার, ৪৫/1 আর এ খাঁন চৌধুরী
সড়ক (ছয়রাস্তার মোড়)
থানাপাড়া, কুষ্টিয়া।

**প্রতিপক্ষ ঃ ডা: সমীর কান্তি সরকার**
উপ-পরিচালক (এম.আই.এস)
ও
বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী
ঢাকা-১২১২।

**সিদ্ধান্তপত্র।**

**(তারিখ ঃ ০৭-০৫-২০১৫ ইং)**

অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর ২১-১০-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. **২৫ টি জেলার সিভিল সার্জনের দপ্তর (রাজবাড়ী, গাজীপুর, বরগুনা, মাদারীপুর, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, নীলফামারী, ঠাকুরগাঁও, গাইবান্ধা, জামালপুর, নাটোর, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, পিরোজপুর, ভোলা, শরিয়তপুর, গোপালগঞ্জ, মৌলভীবাজার, মানিকগঞ্জ, নরসিংদী, ব্রাহ্মণবাড়ীয়া, জয়পুরহাট) এবং লালমনিরহাট ১০০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতালে ৪র্থ শ্রেণীর পদের চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্তদের পূর্ণাঙ্গ ঠিকানাসহ নামের তালিকা।**
২. **উপরোক্ত জেলার ৪র্থ শ্রেণীর সকল অংশগ্রহণকারীর লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত চূড়ান্ত নম্বর এবং পূর্ণাঙ্গ ঠিকানাসহ নামের তালিকা।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-১২-২০১৪ তারিখে আপীল কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ০৮-০৪-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৫। ধার্য তারিখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময় মঞ্জুর করা হয় এবং ০৭-০৫-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব পান্নালাল বাশফোর হাজির। প্রতিপক্ষ ডা: সমীর কান্তি সরকার, উপ-পরিচালক (এম.আই.এস) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৭। প্রতিপক্ষ উপ-পরিচালক (এম.আই.এস) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সরকারী কাজে দেশের বাহিরে থাকায় ২৬-০৪-২০১৫ তারিখে তাকে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। নিয়োগ পরীক্ষা সিভিল সার্জনের কার্যালয়ে সম্পন্ন হয়ে থাকলে সে সকল দপ্তর হতে তথ্য সংগ্রহ সময় সাপেক্ষ ব্যাপার। নিয়োগ পরীক্ষা সিভিল সার্জনের কার্যালয়ে না কেন্দ্রীয়ভাবে সম্পন্ন হয়েছে সেটি জানা ছিলনা বিধায় এ বিষয়ে অবগত করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক প্রশাসনকে পত্র প্রদান করা হয়েছে। জবাব না পাওয়ায় তাগিদ পত্রও প্রেরণ করা হয়েছে। এছাড়া অভিযোগকারীর যাচিত তথ্য সুস্পষ্ট নয় যেমন কোন বছরের তথ্য কোন নির্দিষ্ট সম্প্রদায়ের তথ্য জানতে চাচ্ছেন।

০৮। কোন বছরের নিয়োগ সংক্রান্ত তথ্য জানতে চাচ্ছেন কমিশন কর্তৃক এরূপ প্রশ্নের জবাবে অভিযোগকারী ২০১৪ সালের সকল নিয়োগপ্রাপ্তদের তথ্য চাচ্ছেন।

০৯। সিভিল সার্জনের কার্যালয় হতে তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে সরবরাহের নির্দেশ প্রদান করা হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অধীনস্ত সিভিল সার্জনের কার্যালয় হতে তথ্য সংগ্রহপূর্বক অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্য সংশ্লিষ্ট সিভিল সার্জনের অফিস হতে সংগ্রহ করতে না পারায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য সরবরাহ করতে পারেননি। অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট অধীনস্ত অফিস হতে সংগ্রহপূর্বক সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ-পরিচালক (এম.আই.এস) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো। মূল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সহায়তা প্রদান করবেন যাতে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য সরবরাহ নিশ্চিত হয়।
২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত/-** | **স্বাক্ষরিত/-** | **স্বাক্ষরিত/-** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]